গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
হবিগঞ্জ।

পরিদর্শন প্রতিবেদন।

১। পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি ঃ মোহাম্মদ কামরুল হাসান, জেলা প্রশাসক, হবিগঞ্জ।
২। পরিদর্শনের তারিখ ও সময় ঃ ১৬.০১.২০২০ খ্রিঃ, দুপুর ১২:৩০ ঘটিকা ।
৩। উপজেলা /সার্কেল ভূমি অফিসের নাম ঃ উপজেলা ভূমি অফিস, মাধবপুর।
৪। সাধারণ তথ্য ঃ
৪.১ উপজেলার আয়তন ঃ ২৯৫ বর্গ কি:মি:. ।
৪.২. ইউনিয়নের সংখ্যা ঃ ১১টি ।
৪.৩. পৌরসভার সংখ্যা ঃ ০১টি ।
৪.৪ ইউনিয়ন ভূমি অফিসের সংখ্যা ঃ ০৫টি ।
৪.৫ ইউনিয়ন ভূমি অফিস নেই এমন ইউনিয়নের সংখ্যা ঃ ০৬টি।
৪.৬. নিজস্ব ভবন নেই এমন ইউনিয়ন ভূমি অফিসের সংখ্যা ঃ নেই ।
৪.৭. মোট মৌজার সংখ্যা ঃ ১৮১টি ।
৪.৮. মোট জমির পরিমাণ ঃ

কৃষি জমি	অকৃষি জমি	মোট জমি
৬৮১৮২.২৫ একর	৯১৯৯.৭৫ একর	৭৭৩৮২.০০ একর

৪.৯. মোট খতিয়ান সংখ্যা ঃ

এস এ জরিপ	আর এস জরিপ	মহানগরী জরিপ
১০১৪৬৯টি	২১৪৬টি	প্রযোজ্য নয়

৪.১০. মোট হোল্ডিং সংখ্যা ঃ

কৃষি জমি	অকৃষি জমি	মোট জমি
৯১৪২৪টি	৬০২১টি	৯৭৪৪৫টি

৪.১১. ব্যবহারভিত্তিক জমির পরিমাণ ঃ

আবাসিক	শিল্প	বাণিজ্যিক	সরকারি প্রতিষ্ঠান	বেসরকারি প্রতিষ্ঠান
৪৮০৪.৯৯ একর	১৪৮৪.১০ একর	২২৫.৬০ একর	৮৮৩.২৩ একর	৩০.৯৫ একর

৪.১২. ২৫ বিঘার উর্ধ্বে ভূমি উন্নয়ন কর আদায়যোগ্য হোল্ডিং সংখ্যা ঃ ৪৭৬ টি
৪.১৩. ২৫ বিঘার নিম্নে হোল্ডিং সংখ্যা ঃ ৪২,২৫৫টি ।
৪.১৪. মোট খাস জমির পরিমাণ ঃ

কৃষি খাস জমি	অকৃষি খাস জমি	মোট খাস জমি
৫৫৪.১৬ একর	২৪৫৬.০০ একর	৩০১০.১৬ একর

৪.১৫. গ্রামের সংখ্যা ঃ ২৮৮টি
৪.১৬. মোট জনসংখ্যা ঃ

পুরুষ	মহিলা	মোট	শিক্ষার হার (%)
১৫৫৮৮২ জন	১৬৩১৩৪ জন	৩১৯০১৬ জন	৩৯.০৮%

৪.১৭. শিক্ষা সংক্রান্ত ঃ

কলেজ	হাইস্কুল	সরকারি প্রাথমিক বিদ্যালয়	মাদ্রাসা	অন্যান্য
০৩টি	২৬টি	১৪৬টি	১০টি	৬২

৪.১৮. ধর্মীয় প্রতিষ্ঠান ঃ

মসজিদ	মন্দির	গীর্জা	অন্যান্য
৩৫৫টি	১৫৮	০১	.....

চলমান- ০২

৫. ক. সাধারণ অফিস ব্যবস্থাপনা।

(প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পরিদর্শনকারী কর্মকর্তা পূরণ করবেন)

ক্রঃনং	বিষয়	প্রাপ্ত তথ্য ও মন্তব্য
০১	কর্মকর্তার নাম পদবি ও যোগদানের তারিখ	জনাব আয়েশা আক্তার,সহকারী কমিশনার(ভূমি),মাধবপুর যোগদানের তারিখঃ ০৬.০৫.২০১৮ খ্রিষ্টাব্দ।
০২	জনবল	ক) মোট পদের সংখ্যা ১৭ জন। খ) কর্মরত ১১টি গ) শূন্য পদ ০৬ টি। ঘ) কর্মচারীগণের মধ্যে দায়িত্ব বন্টন আছেঃ হ্যাঁ [√] না [ ] **মন্তব্য ঃ** এ কার্যালয়ের ০৬টি পদ শূন্য আছে। এ কার্যালয়ের শূন্য পদগুলো পর্যায়ক্রমে পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর দৃষ্টি আকর্ষণ করা হলো।
০৩	অফিস ভবনের অবস্থা	ক) নিজস্ব [√] ভাড়া [ ] খ) পাকা [√] সেমি পাকা [ ] টিনসেড গ) পরিষ্কার [√] অপরিষ্কার [ ] ঘ) রেকর্ডপত্র পরিচ্ছন্ন [√] অপরিচ্ছন্ন [ ] ঙ) রেকর্ডরুম আছে :হ্যাঁ [√] না [ ] চ) রেকর্ড সংরক্ষণঃ সুবিন্যস্ত [√] অবিন্যস্ত [ ] ছ) ১২ বছরের অধিক সময়ের নামজারি নথি বিনষ্ট করা হচ্ছে :হ্যাঁ [√] না [ ] **মন্তব্য ঃ** অফিস ভবনের অবস্থা ভাল। ১২ বছরের অধিক সময়ের যে সমস্ত নামজারি নথি ব্যবহারের প্রয়োজন নেই সেগুলো বিধি মোতাবেক বিনষ্ট করার জন্য সহ: কমি:(ভূমি)কে বলা হলো।
০৪	সেবা প্রদানের বিষয়ে উপস্থিত সেবা প্রদানকারীগণের মতামত	ক) সিটিজেন চার্টার দৃশ্যমান ঃ হ্যাঁ [√] না [ ] খ) সিটিজেন চার্টার অনুযায়ী কাজ পাওয়া যায় ঃ হ্যাঁ [√] না [ ] গ) সেবার মান ঃ খুব ভাল [ ] ভাল [√] সন্তোষজনক [ ] চলতিমান [ ] সন্তোষজনক না [ ]
০৫	সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক পূর্ববর্তী মাসের পরিদর্শন	ক) ইউনিয়ন ভূমি অফিস ০৫ টি। খ) কৃষি/ অকৃষি খাস জমি/ হাট-বাজার/খাস পুকুর/ অর্পিত সম্পত্তি/ প্রজার সম্পত্তি/সিকস্তি-পয়স্তি জমি/ জলমহাল/বালুমহাল/ সরকারি সম্পত্তি/ অন্যান্য সরকারি সম্পত্তি পরিদর্শন ০৪ দিন। **মন্তব্য ঃ** সরকারি সম্পত্তি রক্ষণাবেক্ষণের স্বার্থে নিয়মিত এগুলো পরিদর্শন করার জন্য সহকারী কমিশনার(ভূমি) কে বলা হলো।
০৬	অফিসের সীমানা প্রাচীর (ভবন নিজস্ব হলে)	ক) আছে : হ্যাঁ [√] না [ ] খ) অফিসের জমির পরিমাণ ঃ ০২.০৫ একর। গ) বেদখল ঃ হ্যাঁ [ ] না [√] ঘ) বেদখল জমির পরিমাণ ঃ নেই
০৭	ডিজিটাল পদ্ধতির ব্যবহার	ক) কম্পিউটার আছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) সচল কম্পিউটারের সংখ্যা ঃ ০৩টি। গ) ইন্টারনেট সংযোগ আছেঃ হ্যাঁ [√] না [ ] ঘ) প্রিন্টার আছে ঃ হ্যাঁ [√] নান [ ] ঙ) স্ক্যানার আছে ঃ হ্যাঁ [√] না [ ] চ) ফ্যাক্স আছে ঃ হ্যাঁ [√] না [ ] চলে না [ ] ছ) তথ্যের ডাটাবেজ তৈরি করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] জ) ইন্টারনেট আছেঃ হ্যাঁ [√] না [ ] ঝ) ইউনিয়ন ভূমি সহকারী / উপ-সহকারী কর্মকর্তার কম্পিউটার জ্ঞান আছে ঃ হ্যাঁ [√] না [ ]

৫. খ. রেজিস্টারসমূহ

(পরিদর্শনকারী কর্মকর্তা পরীক্ষা করে পূরণ করবেন)

ক্রমিক নং	রেজিষ্টারের নাম/নম্বর	প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পূরণ করতে হবে।
০১	হাজিরা খাতা	ক) নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) ছুটির হিসাব সংরক্ষণ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] **মন্তব্য ঃ** হাজিরা খাতা সংরক্ষণ সন্তোষজনক।

চলমান-০৩

০২	১ নং রেজিস্টার (আর ও আর বহি)	ক) মোট ৩০০ টি, ভাল- ২০০টি, ছেঁড়া- ১০০ টি । খ) মৌজা সংখ্যা ১৮১ টি । গ) নামজারী আদেশ সঠিকভাবে সংশোধন করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] ঘ) মৌজা ম্যাপ সংখ্যা ঃ ৩৮৬ ঙ) মৌজা ম্যাপ নেই এরূপ মৌজা সংখ্যা ৯০ টি । **মন্তব্য** ঃ যে সমস্ত আর ও আর ছেঁড়া সেগুলো বাঁধাইয়ের ব্যবস্থা গ্রহণের জন্য এবং যে সকল মৌজার মৌজা ম্যাপ নেই সেগুলো সংগ্রহের পদক্ষেপ গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি)কে পরামর্শ দেয়া হলো ।
০৩	৪ নং রেজিস্টার (ক্যাশ রেজিস্টার)	ক) প্রতিদিনের আদায় লিপিবদ্ধ করা হচ্ছেঃ হ্যাঁ [√] না [ ] **মন্তব্য** ঃ ৪নং রেজিঃ (ক্যাশ রেজিস্টার) সংরক্ষণ সন্তোষজনক
০৪	৫ নং রেজিস্টার (ট্রেজারি পাশ বই)	ক) আদায়কৃত টাকা ব্যাংকে জমা করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] **মন্তব্য** ঃ ৫নং রেজিঃ (ট্রেজারি পাশবই) সংরক্ষণ সন্তোষজনক ।
০৫	৬ নং রেজিস্টার (সায়রাত রেজিস্টার)	ক) হাট-বাজারে সংখ্যা ২৩টি (০৩টি বাজার বিলুপ্ত) । খ) পেরিফেরীভুক্ত ঃ ২০টি (০২টি পৌরসভার ব্যবস্থাপনাধীন) । গ) পেরিফেরী ব্যতীত ঃ ..X..টি । ঘ) জলমহাল ঃ ২০ একর পর্যন্ত ৫০ টি, ২০ একরের উর্ধ্বে ..X.. টি । ইজারা হয়েছে-৩৫টি, ইজারা হয়নি-১৫টি (খাস কালেকশনের আওতায়) । ঙ) বালুমহাল ০৭টি । ইজারা দেয়া হয়েছে ০১.টি, ইজারা দেয়া হয়নি ০৬ টি । চ) পাথর মহালঃ..X..টি, ইজারা দেয়া হয়েছে ..X..টি, ইজারা হয়নি ..X.. টি । ছ) হাট-বাজার ইজারা দেয়া হয়েছে ১৪ টি, ইজারা বাকী ০৪টি । জ) হাট-বাজার পেরিফেরীভূক্তির অপেক্ষায়....X....টি । মন্তব্য ঃ যে সকল বাজার ইজারা দেয়া হয়নি সেগুলো খাস কালেকশনের মাধ্যমে রাজস্ব আদায়ে পদক্ষেপ নেয়ার জন্য ইউএনও এবং সহকারী কমিশনার(ভূমি)কে বলা হলো ।
০৬	৭ নং রেজিস্টার (বিবিধ আদায় রেজিস্টার)	ক) আদায় আছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) নিয়মিত লিপিবদ্ধ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] গ) এ অর্থ বছরে এ পর্যন্ত মোট বিবিধ আদায় ঃ ১৩,০৬,৭১৭/- টাকা । ঘ) আদায়কৃত টাকা সংশ্লিষ্ট সরকারি খাতে জমা প্রদান করা হয়েছেঃ হ্যাঁ [√] না [ ] **মন্তব্য** ঃ ০৭নং রেজিস্টার (বিবিধ আদায় রেজিস্টার) সংরক্ষণ সন্তোষজনক ।
০৭	৮ নং রেজিস্টার (খাস জমি রেজিস্টার)	ক) রেজিস্টারটি নির্ধারিত ছক মোতাবেকঃ হ্যাঁ [√] না [ ] খ) ৪টি খন্ড সঠিক ভাবে আছে ঃ হ্যাঁ [√] না [ ] গ) তথ্য হাল করা হয়েছে ঃ ০১ (এক) বছর পূর্বে । ঘ) ১ম খন্ডে ২৪৫৬.০০ একর, ঙ) ২য় খন্ডে ৪৯৪.৬৬ একর , ৩য় খন্ডে ৫৯.৫০ একর, ৪র্থ খন্ডে ঃ .....X..... একর । **মন্তব্য** ঃ ৮নং রেজিস্টার (খাস জমি রেজিস্টার) হালনাগাদ করার জন্য বলা হলো ।
০৮	৯ নং রেজিস্টার (নামজারী রেজিস্টার) ১০৭৩ নং ফরম	ক) সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) নামজারি মামলার সংখ্যা ১৪১৯টি । প্রথম খন্ড ১৪১৯টি, ২য় খন্ড ..X.. টি । গ) নিষ্পত্তিকৃত নামজারি মামলার সংখ্যা ১৪১৭টি । প্রথম খন্ড-১৪১৭ টি, ২য় খন্ড-..X..টি । ঘ) উত্তরাধিকার সূত্রে নামজারী মামলার সংখ্যা ঃ ১৯১টি । নিষ্পত্তি সংখ্যা-১৮৩টি, মঞ্জুর-১০১টি, না-মঞ্জুর-৮২টি । ঙ) বাতিল কৃত "খ" তালিকার নামাজরি মামলার সংখ্যা ঃ ০১টি । নিষ্পত্তি সংখ্যা -০১টি চ) নির্ধারিত সময়ের মধ্যে নামজারি সম্পন্ন করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] ছ) নথিতে আদেশ সঠিকভাবে লেখা হচ্ছেঃ হ্যাঁ [√] না [ ] জ) নতুন পর্চা প্রদানের ক্ষেত্রে আদায়কৃত অর্থ সরকার সংশ্লিষ্ট খাতে জমা হচ্ছেঃ হ্যাঁ [√] না [ ] ঝ) নামজারী আদেশে R0R এ যথাযথভাবে নোট করা হচ্ছেঃ হ্যাঁ [√] না [ ] ঞ) নামজারির আদেশ রেকর্ডরুমে পাঠানো হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] **মন্তব্য** ঃ নামজারি আদেশের অনুলিপি এবং সংশোধিত খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে পাঠানোর জন্য সহকারী কমিশনার(ভূমি) কে বলা হলো ।

চলমান-০৪

০৯	১১ নং রেজিস্টর (কর-হ্রাস/বৃদ্ধি রেজিস্টার)	ক) সংরক্ষণ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) সঠিকভাবে ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] গ) এ পর্যন্ত আবেদন নিষ্পত্তি করা হয়েছে ঃ ...X....টি । ঘ) পদ্ধতি সঠিকভাবে অনুসরণ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] **মন্তব্য ঃ** কর হ্রাস বৃদ্ধি রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে । তবে এ পর্যন্ত কোন আবেদন পাওয়া যায়নি বলে জানা গেল ।
১০	১২ নং রেজিস্টার (খাস জমি বন্দোবস্ত রেজিস্টার)	ক) নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) সকল ঘর সঠিকভাবে পূরণ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] গ) এ পর্যন্ত জমি বরাদ্দ করা হয়েছেঃ কৃষি ৫৪২.৭৯২৫ একর, অকৃষি ১১৮.৫৩ একর । ঘ) বর্তমানে বরাদ্দের অপেক্ষায়ঃ কৃষি-১১.৩৬৭৫ একর, অকৃষি ৩৩৯.১৪ একর । **মন্তব্য ঃ** খাস জমি বন্দোবস্ত রেজিস্টার হালনাগাদ করার জন্য বলা হলো ।
১১	১৭ নং রেজিস্টার (চালান রেজিস্টার)	ক) সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) নিয়মিত লিপিবদ্ধ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] **মন্তব্য ঃ** ১৭ নং রেজিঃ (চালান রেজিস্টার) সংরক্ষণ সন্তোষজনক ।
১২	২৬ নং রেজিস্টার (পরিদর্শন রেজিস্টার)	ক) নির্ধারিত ছকে ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) পরিদর্শনের নির্দেশনা এবং গৃহীত ব্যবস্থা সঠিকভাবে লিপিবদ্ধ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] গ) পূর্ববর্তী পরিদর্শনকারী কর্মকর্তার নির্দেশনা বাস্তবায়ন করা হয়েছেঃ হ্যাঁ [√] না [ ] ঘ) পূর্ববতী পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পরিদর্শনের তারিখ ঃ জনাব তারেক মোহাম্মদ জাকারিয়া,অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),হবিগঞ্জ । পরিদর্শনের তারিখ ঃ ০৯.১২.২০১৯খ্রিষ্টাব্দ । ঙ) বক্ষমাণ জবাব প্রেরণ করা হয়েছে ঃ হ্যাঁ [√] না [ ] **মন্তব্য ঃ** পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ সন্তোষজনক ।
১৩	দেওয়ানি মামলার রেজিস্টার	ক) নির্ধারিত ফরমে ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) সকল ঘর সঠিকভাবে পূরণ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] গ) গত মাসে এস এফ প্রেরণ করা হয়েছে ঃ ০২ টি । ঘ) এ পর্যন্ত এস.এফ প্রেরণের জন্য পেন্ডিং মামলার সংখ্যা ঃ ০২ টি । ঙ) বিগত বছর সরকারের পক্ষে ...X..টি এবং বিপক্ষে ...X... টি মামলা রায় হয়েছে । **মন্তব্য ঃ** দেওয়ানি মামলার এস.এফ তৈরির ক্ষেত্রে সরকারের স্বার্থের প্রতি দৃষ্টি রাখার জন্য এবং পেন্ডিং এস এফ দ্রুত সংশ্লিষ্ট আদালতে প্রেরণের জন্য সহকারী কমিশনার(ভূমি) কে বলা হলো ।
১৪	ভিপি লিজ রেজিস্টার	ক) নির্ধারিত ফরমে ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] খ) সকল ঘর সঠিকভাবে পূরণ করা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] গ) যথাসময়ে নবায়ন করা হচ্ছেঃ হ্যাঁ [√] না [ ] ঘ) লীজ নথিতে নবায়নের আদেশ যথাযথভাবে লেখা হচ্ছে ঃ হ্যাঁ [√] না [ ] ঙ) এ অফিসের আওতাধীন মোট ভিপি জমির পরিমাণঃ 'ক' তালিকাভূক্ত ৩৩৬.৮৯৩৭ একর । খ) মোট লিজ কেস সংখ্যা ৩৪১টি । ছ) যথাসময়ে নবায়ন করা হয়নি এরুপ লিজ কেস সংখ্যা ঃ ৮১টি । **মন্তব্য ঃ** যে সমস্ত ভিপি লিজ কেস এখনও নবায়ন হয়নি সেগুলো নবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সহকারী কমিশনার (ভূমি) কে বলা হলো ।

চলমান-০৫

১৫	চান্দিনা ভিটি বরাদ্দ রেজিস্টার	ক) রেজিস্টার সংরক্ষণ করা হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] খ) পেরিফেরীভূক্ত সকল হাট -বাজারের চান্দিনা ভিটি একসনা লীজ দেয়া হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] গ) পেরিফেরীভূক্ত হাট বাজারের চান্দিনা ভিটি একসনা লীজ দেয়া হয়নি এরূপ হাটের সংখ্যা ঃ ১১টি ঘ) এ অর্থ বছরে ভিটি বরাদ্দের মাধ্যমে আয় ঃ ১,২২/- টাকা। ঙ) আদায়কৃত অর্থ সরকারি সংশ্লিষ্ট খাতে সঠিকভাবে জমা দেয়া হয়েছেঃ হ্যাঁ [✓] না [ ] **মন্তব্য ঃ** চান্দিনা ভিটি রেজিস্টার সংরক্ষণ সন্তোষজনক ।
১৬	পরিদর্শন গার্ড ফাইল ও সাধারণ সার্কুলার গার্ড ফাইল	ক) ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] খ) সঠিকভাবে ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] গ) সূচিপত্র সংযুক্ত করা হয়েছে ঃ হ্যাঁ [✓] না [ ] **মন্তব্য ঃ** পরিদর্শন প্রতিবেদন ও সরকারি পরিপত্রসমূহ যথানিয়মে গার্ড ফাইলে সংরক্ষণ করার জন্য বলা হলো ।
১৭	১৪ নং রেজিস্টার (তদন্তের জন্য প্রেরণ রেজিস্টার)	ক) সংরক্ষণ করা হচ্ছে ঃ হ্যাঁ [✓] না খ) বিধিমতে ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] **মন্তব্য ঃ** ১৪নং রেজিস্টার সংরক্ষণ সন্তোষজনক ।
১৮	ভূমি উন্নয়ন করের দাবী	ক) গত অর্থ বছরের দাবী ঃ সাধারণ ৮৩,৫৬,১৬৭/- টাকা সংস্থা ১,৫১,২৫,৬৫৮/- টাকা খ) বর্তমান বছরের দাবী ঃ সাধারণ ৮৭,৬৭,১২০/-. টাকা সংস্থা ১,৩৩,৮৯,০৩৮/- টাকা সাধারণ বকেয়া দাবী ঃ ৩৫,৭০,৫৪০/- টাকা গ) এ পর্যন্ত আদায় ঃ সাধারণ ৪৬,১১,১৯৮/- টাকা সংস্থা ২,৪২,৪১৫/- টাকা ঘ) সাধারণ দাবী নির্ধারণ সঠিকভাবে করা হয়েছেঃ হ্যাঁ [✓] না [ ] । ঙ) ২৫ বিঘার উর্ধ্বের জোত সংখ্যা ঃ ৪৭৬ টি । চ) ২৫ বিঘার নিচের জোত সংখ্যা ঃ ৪২,২৫৫ টি । ছ) ব্যবহার ভিত্তিক ভূমি উন্নয়ন কর নির্ধারণে সহকারী কমিশনার (ভূমি) এর অনুমোদন গ্রহণ করা হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] জ) ভূমি উন্নয়ন কর আদায়ের কারণে তামাদি আছে ঃ হ্যাঁ [ ] না [✓] ঝ) তামাদি থাকলে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ঃ হ্যাঁ [✓] না [ ] মন্তব্য : চলতি অর্থ বছরে ভূমি উন্নয়ন করের শতভাগ দাবি আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সহকারী কমিশনার(ভূমি)কে বলা হলো ।
১৯	৯ নং রেজিস্টার (সার্টিফিকেট রেজিস্টার) ১০২৩	ক) নির্ধারিত ছকে ব্যবহার হচ্ছেঃ হ্যাঁ [✓] না [ ] খ) গত বছরের বকেয়া সাধারণ দাবীর জন্য মামলা দায়ের করা হয়েছেঃ হ্যাঁ [✓] না [ ] গ) যথাযথভাবে মামলা নিষ্পত্তি হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] ঘ) বর্তমানে পেন্ডিং মামলার সংখ্যা ঃ ০২ টি । **মন্তব্য ঃ** ভূমি উন্নয়ন করের দাবি আদায়ের স্বার্থে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলা ০২টি নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি)কে বলা হলো ।
২০	রেজিস্টার -৯৪	ক) এ পর্যন্ত দাখিলা বই সংখ্যা ১৩৫টি । ডি.সি.আর বই ৭০টি । খ) এ পর্যন্ত ব্যববহৃত হয়েছেঃ দাখিলা বই ৮৩টি । ডি.সি.আর বই ব্যবহৃত হচ্ছে ৪৮টি । **মন্তব্য ঃ** রেজিস্টার-৯৪ সংরক্ষন সন্তোষজনক ।

চলমান-০৬

২১	আসবাবপত্র রেজিস্টার	ক) সঠিকভাবে সংরক্ষণ করা হচ্ছেঃ হ্যাঁ [✓] না [ ] খ) অফিস পরিচালনার জন্য জরুরীভাবে প্রয়োজনীয় আসবাবপত্রঃ চেয়ার, টেবিল আলমারী ও রেক প্রয়োজন । **মন্তব্য ঃ** আসবাবপত্র রেজিস্টার সংরক্ষণ সন্তোষজনক ।
২২	অডিট আপত্তি	ক) বিগত অর্থ বছরের অডিট আপত্তির সংখ্যা ঃ নেই । খ) এ পর্যন্ত নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যাঃ নেই । গ) এক বছরের উর্ধ্বে ..X.. টি, দু' বছরের উর্ধ্বে ..X... টি তদুর্ধো ..X.. টি আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় । **মন্তব্য ঃ** এ কার্যালয়ে কোন অডিট আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় নেই বলে জানা গেল ।
২৩	পিয়ন বই	ক) প্রেরিত পত্রে গতিবিধি নোট করা হচ্ছেঃ হ্যাঁ [✓] না [ ] খ) অফিস সহায়কের নাম পিয়ন বইতে লেখা হয় ঃ হ্যাঁ [✓] না [ ] মন্তব্য ঃ পিয়ন বই সংরক্ষণ সন্তোষজনক ।
২৪	কোর্ট ফি রেজিস্টার	ক) বিগত বছর আদায়কৃত কোর্ট ফির পরিমাণ ঃ ৪৫,৫৬০/- টাকা খ) বিগত বছর ব্যবহৃত কোর্ট ফির পরিমাণ ঃ .....X...../- টাকা গ) কোর্ট ফি নম্বর ও তারিখ দিয়ে পাঞ্চিং করা হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] ঘ) যথাযথভাবে রেজিস্টার ব্যবহৃত হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] মন্তব্য ঃ কোর্ট ফি রেজিস্টার সংরক্ষণ সন্তোষজনক ।
২৫	পত্র প্রাপ্তি রেজিস্টার	ক) ০১/০১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখ থেকে ১৫/০১/২০২০ তারিখ পর্যন্ত প্রাপ্ত পত্রের সংখ্যা ১০টি । খ) রেজিস্টারের সকল কলাম সঠিকভাবে পূরণ করা হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] মন্তব্য ঃ পত্র প্রাপ্তি রেজিস্টারের সংশ্লিষ্ট কলামগুলো সঠিকভাবে পূরণ করার জন্য বলা হলো ।
২৬	পত্র প্রেরণ রেজিস্টার	ক) ০১/০১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখ থেকে ০৯/০৬/১৯ তারিখ পর্যন্ত প্রেরিত পত্রের সংখ্যা ৬২টি । খ) পেন্ডিং পত্রের সংখ্যা ০২টি । গ)) রেজিস্টারের সকল কলাম সঠিকভাবে পূরণ করা হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] মন্তব্য ঃ পত্র প্রেরণ রেজিস্টারের সংশ্লিষ্ট কলামগুলো সঠিকভাবে পূরণ করার জন্য বলা হলো ।
২৭	এডি লাইন	ক) নদী সিকস্তি বা পয়স্তি থাকলে এডি লাইন, স্কেচম্যাপসহ প্রস্তুত করা হচ্ছে ঃ হ্যাঁ [ ] না [✓] খ) সহকারী কমিশনার (ভূমি) মিস কেস চালু করে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের আদেশ প্রদান করছেঃ হ্যাঁ [ ] না [✓] মন্তব্য ঃ এ অফিসের অধিক্ষেত্রে সিকস্তি/পয়স্তি জমি থাকলে সার্ভেয়ারকে দিয়ে এডি লাইন টেনে মোট খাস জমির পরিমান নির্ধারণের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে বলা হলো ।
২৮	সার্ভিস স্ট্যাম্প রেজিস্টার	ক) পরিদর্শনের দিন পর্যন্ত সংগৃহীত সার্ভিস স্ট্যাম্পের পরিমাণ ৩৩২/- টাকা । খ) পরিদর্শনের দিন পর্যন্ত ব্যবহৃত সার্ভিস স্ট্যাম্পের পরিমাণ ১২২/- টাকা । গ) অব্যবহৃত সার্ভিস স্ট্যাম্পের পরিমান ৩২২/-- টাকা । মন্তব্য ঃ সার্ভিস স্ট্যাম্প রেজিস্টার সংরক্ষণ সন্তোষজনক ।
২৯	মিস কেস রেজিস্টার	ক) রেজিস্টারটি সঠিকভাবে ব্যবহার করা হচ্ছে ঃ হ্যাঁ [✓] না [ ] খ) মোট মিস কেসের সংখ্যা ঃ ১৬৫টি । গ) নিষ্পত্তিকৃত মিস কেসের সংখ্যা ঃ ১৩৬টি । মন্তব্য ঃ অনিষ্পত্তিকৃত মিস মামলাগুলো নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণের জন্য সহঃ কমিঃ (ভূমি)কে বলা হলো ।

চলমান-০৭

৩০। নামজারি মোকদ্দমা পর্যালোচনা ও মন্তব্য ঃ

(ক) নামজারি মামলা ১২২৩/২০১৯-২০২০ পর্যালোচনা ঃ

উক্ত নামজারি মামলার নথি পর্যালোচনায় দেখা যায় জনাব রাজিব রায়, পিতা-মৃত নিখিল চন্দ্র রায়, সাং- কাটিয়ারা,উপজেলা-হবিগঞ্জ,জেলা- হবিগঞ্জ ৭৯নং জে.এলস্থিত কাটিয়ারা মৌজার ১৮২ নং খতিয়ানের ৫৯২নং দাগের ০.০২০০ একর ভূমি রেকর্ডভূক্ত মালিকের নিকট হতে ৪৩৮৪/৮৫ ও ৫৬৩২/২০০২ নং রেজিঃ দলিলমুলে ক্রয় করে ভোগদখলকার হিসেবে তার নিজ নামে নামজারি ও জমাখারিজের জন্য আবেদন করেন। উক্ত আবেদনের ভিত্তিতে গত ০৭.১২.২০১৯ঃ তারিখ নথি সৃজনপূর্বক সহকারী কমিশনার(ভূমি) এর নিকট উপস্থাপন করা হলে তিনি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মাধবপুর সদরকে আবেদিত ভূমির বিষয়ে সরজমিনে তদন্তক্রমে প্রতিবেদন দাখিলের জন্য আদেশ দেন এবং মামলার পরবর্তী তারিখ ১৫.১২.২০১৯ ধার্য করেন। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মাধবপুর সদর কর্তৃক প্রতিবেদন দাখিল করা হলে মামলার পক্ষদ্বয়কে শুনানীর জন্য পরবর্তী ২৯.১২.২০২০ তারিখ মামলার কার্যদিবস ধার্য করে নোটিশ দেয়ার আদেশ দেন এবং কানুনগোকে রেকর্ডপত্র পর্যালোচনা করে মতামত দেয়ার জন্য বলেন। ধার্য তারিখের তারিখের মধ্যে নোটিশ জারি হয়ে ফেরত আসছে। ইতোমধ্যে কানুনগো মতামতসহ প্রতিবেদন দাখিল করেন। ০১.০১.২০২০ তারিখে রেকর্ডপত্র পর্যালোচনায় এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও কানুনগো সুপারিশসম্বলিত প্রতিবেদনের ভিত্তিতে রেকর্ড হালকরণের সুবিধার্থে এস এ এন্ড টি এ্যাক্ট ১৯৫০ এর ১১৬, ১১৭ ও ১৪৩ ধারা মতে আবেদিত ভূমি আবেদনকারীর নামে নামজারি ও জমাখারিজের আদেশ প্রদান করা হয়। নামজারি মামলার আদেশ অনুযায়ী স্বত্বলিপি সংশোধন করা হয়েছে দেখা গেল ।

ক) নামজারি মামলা ১৯০০/২০১৮-১৯ পর্যালোচনা ঃ

উক্ত নামজারি মামলার নথি পর্যালোচনায় দেখা যায় জনাব মোঃ রায়হান উদ্দিন রেনু, পিতা-মৃত এশাদ আলী,সাং- বুল্লা, ৮০নং জে.এলস্থিত মাধবপুর পশ্চিম মৌজার ৪৪৯নং খতিয়ানের ৮৭ নং দাগের ০.০৫০০ একর ভূমি নামজারি খতিয়ানের মালিকের নিকট হতে ৫৩১৯/২০১৯নং রেজিঃ দলিলমুলে প্রাপ্ত হয়ে ভোগদখলকার হিসেবে তার নিজ নামে নামজারি ও জমাখারিজের জন্য আবেদন করেন। উক্ত আবেদনের ভিত্তিতে গত ২৮.০৪.২০১৯ তারিখ নথি সৃজনপূর্বক সহকারী কমিশনার(ভূমি) এর নিকট উপস্থাপন করা হলে তিনি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মাধবপুরকে আবেদিত ভূমির বিষয়ে সরজমিনে তদন্তক্রমে প্রতিবেদন দাখিলের জন্য আদেশ দেন এবং মামলার পরবর্তী তারিখ ১২.০৫.২০১৯ তারিখ ধার্য করেন। ধার্য তারিখে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, মাধবপুর সদর কর্তৃক প্রতিবেদন দাখিল করা হলে মামলার পক্ষদ্বয়কে শুনানীর জন্য পরবর্তী ২৩.০৫.২০১৯ তারিখ মামলার কার্যদিবস ধার্য করে নোটিশ দেয়ার আদেশ দেন এবং কানুনগোকে রেকর্ডপত্র পর্যালোচনা করে মতামত দেয়ার জন্য বলেন। ২৩.০৫.২০১৯ তারিখের মধ্যে নোটিশ জারি হয়ে ফেরত আসছে। ইতোমধ্যে কানুনগো মতামতসহ প্রতিবেদন দাখিল করেন। ধার্য তারিখে শুনানী গ্রহণক্রমে রেকর্ডপত্র পর্যালোচনায় এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও কানুনগো সুপারিশসম্বলিত প্রতিবেদনের ভিত্তিতে রেকর্ড হালকরণের সুবিধার্থে এস এ এন্ড টি এ্যাক্ট ১৯৫০ এর ১১৬, ১১৭ ও ১৪৩ ধারা মতে আবেদিত ভূমি আবেদনকারীর নামে নামজারি ও জমাখারিজের আদেশ প্রদান করা হয়। নামজারি মামলার আদেশ অনুযায়ী স্বত্বলিপি সংশোধন করা হয়েছে দেখা গেল ।

মন্তব্য : বর্ণিত নামজারি মামলা ০২টির নিষ্পত্তি কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলো ।

৩১। নামজারি রিভিউ মামলা পর্যালোচনা ঃ

নামজারি রিভিউ মামলা নং ঃ ৬৯/২০১৯

উক্ত মিস মামলার নথি পর্যালোচনায় দেখা যায় জনাব মোঃ আলমগীর মিয়া, পিতা- মোঃ মবজিল মিয়া, সাং- বেজুড়া, উপজেলা-মাধবপুর জেলা হবিগঞ্জ কর্তৃক ৩৬নং জে.এলস্থিত বেজুড়া মৌজার ৪২৯৮নং খতিয়ানের ৫৬৯০ নং দাগের যথাক্রমে ০.৮ একর ভূমি সংশ্লিষ্ট নামজারি মামলা নং ১৫৪২/১৫ এর আদেশ আংশিক বাতিল করে হিস্যা বহির্ভুত ভূমির রেকর্ড সাবেক খতিয়ানে বহালের জন্য আবেদন করেন। উক্ত আবেদনের ভিত্তিতে গত ১৪.০৮.১৯ তারিখ বিবিধ(রিভিউ) মামলার নথি সৃজনক্রমে সহকারী কমিশনার (ভূমি) এর নিকট উপস্থাপন করা হলে তিনি মামলাটি আমলে নেন এবং সংশ্লিষ্ট পক্ষকে ২৫.০৯.২০১৯ তারিখ শুনানীর দিবস ধার্য করে নোটিশ দেয়ার আদেশ দেন। কিন্তু ২৫.০৯.২০১৯, ১৬.১০.২০১৯,,১৩.১১.২০১৯ ও ০৪.১২.২০১৯খিষ্টাব্দ তারিখ সহকারী কমিশনার(ভূমি) প্রশাসনিক কাজে ব্যস্ত থাকায় ১৮.১২.২০১৯খিষ্টাব্দঃ তারিখ উভয় পক্ষের শুনানী নিয়ে বিবিধ মামলার চুড়ান্ত আদেশ প্রদান করেন।

আলোচ্য রিভিউ মামলার নথির সাথে সংযুক্ত আবেদনকারীর আবেদন/বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, কানুনগো এর প্রতিবেদন এবং ১৫৪২/১৫নং নামজারি মামলার নথি এবং তদ্‌সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় দেখা যায় ৩৬নং এলস্থিত বেজুড়া মৌজার ২৮৪নং খতিয়ানের ৫৬৯০ নং দাগের ০.১৬ একর পুকুর রকম ভূমিসহ ১৫টি দাগে মোট ৭.১৮ একর ভূমি বিগত এস এ জরিপে প্রভাত চন্দ মজুমদার গং ০৫ জন, পিতা- জ্ঞান চন্দ্র নন্দী মজুমদার ৫জনের নামে সমান হিস্যায় রেকর্ডভুক্ত হয়েছে। পরবর্তীতে নালিশা ৫৬৯০ নং দাগের ০.১৬ একর ভূমি এস এ রেকর্ডীয় মালিক প্রভাত নন্দী মজুমদারের পুত্র অভিজিৎ নন্দী মজুমদার এর নিকট থেকে ৪২০২/০৩ নং রেজিঃ দলিলে খরিদসূত্রে মালিকানা দেখিয়ে ১৫৪২/১৫ নং নামজারি মামলার মাধ্যমে ২য় পক্ষ হান্নান মিয়া এর নামে নামজারিক্রমে ৪২৯৮ নং খতিয়ানে রেকর্ড সংশোধন করা হয়েছে। ১ম পক্ষ ও ২য় পক্ষ দুজনই একই দলিলে সমান অংশে নালিশা ০.১৬ একর ভূমির খরিদসূত্রে মালিক দাবিদার। ১ম পক্ষ আলমগীর মিয়া কর্তৃক দাখিলকৃত উক্ত নামজারির আদেশ বাতিলের আবেদনের প্রেক্ষিতে এ বিবিধ মামলা রুজু করা হয়েছে।

১ম পক্ষ আলমগীর মিয়া এর পক্ষে তার স্ত্রী মৌসুমী আক্তার এর দাবি/ বক্তব্য- নালিশা ৩৬ নং জে.এল স্থিত বেজুড়া মৌজার ২৮৪নং খতিয়ানের ৫৬৯০নং দাগের ০.১৬ একর পুকুর রকম ভূমিসহ ১৫টি দাগে মোট ৭.১৮ একর ভূমি বিগত এস এ জরিপে প্রভাত চন্দ্র নন্দী মজুমদার গং ০৫ জন,পিতা- জ্ঞান চন্দ্র নন্দী মজুমদার ০৫ জনের নামে সমান হিস্যায় রেকর্ডভূক্ত হয়েছে। রেকর্ডী মালিক প্রভাত চন্দ্র নন্দী মজুমদার মৃত্যুকালে ওয়ারিশ হিসেবে একমাত্র পুত্র অভিজিৎ নন্দী মজুমদারকে রেখে মারা যান। অভিজিৎ নন্দী মজুমদার এর নিকট হতে ৪২০২/০৩ নং রেজিঃ দলিলে নালিশা ৫৬৯০ নং দাগের সাকুল্য০.১৬ একর ভূমি সমান অংশে খরিদসূত্রে মালিক হন ১ম পক্ষ আলমগীর মিয়া এবং ২য় পক্ষ হান্নান মিয়া। ২য় পক্ষ ১ম পক্ষের অজ্ঞাতসারে ১ম পক্ষের খরিদা ০.০৮ একর ভূমিসহ নালিশা ৫৬৯০ নং দাগের সাকুল্য ০.১৬ একর ভূমি প্রতারণার আশ্রয় নিয়ে ভুয়া কাগজপত্র উপস্থাপন কর্তৃপক্ষকে ভুল বুঝিয়ে অন্যায় লাভের উদ্দেশ্যে তর্কিত ১৫৪২/১৫ নং নামজারি মামলার মাধ্যমে নিজের নামে নামজারি করিয়ে ৪২৯৮নং খতিয়ানে রেকর্ড সংশোধন করিয়েছেন।

(চলমান পাতা-৮)

২য় পক্ষের আব্দুল হান্নান এর বক্তব্য হলো- ভুলবশত নালিশা ৫৬৯০ নং দাগের সাকুল্য ০.১৬ একর ভূমি ১৫৪২/১৫নং নামজারি মামলার মাধ্যমে তার নামে নামজারি হয়েছে। প্রকৃতপক্ষে ১ম পক্ষের নামে নালিশা ৫৬৯০ নং দাগের ০.০৮ একর ভূমি নামজারি হওয়ার কথা ছিল। তাই ১ম পক্ষের দাবি মোতাবেক ১৫৪২/১৫ নং নামজারি মামলার মাধ্যমে সৃজিত ৪২৯৮ নং নামজারি খতিয়ানের ৫৬৯০ নং দাগের ০.০৮ একর ভূমি এস এ খতিয়ানে সাবেক মালিকের নামে বহাল হতে তার কোন আপত্তি নেই ।

উভয় পক্ষের দাখিলীয় কাগজাদি ও রেকর্ডপত্র পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, মাধবপুর উপজেলাধীন নালিশা ৩৬নং জে.এলস্থিত বেজুড়া মৌজার ২৮৪নং খতিয়ানের ৫৬৯০ নং দাগের ০.১৬ একর পুকুর রকম ভূমিসহ আরও ১৫টি দাগের ৭.১৮ একর ভূমি বিগত এস এ জরিপে প্রভাত চন্দ্র নন্দী মজুমদার গং ০৫ জন,পিতা- জ্ঞাণ চন্দ্র নন্দী মজুমদার ৫ জনের নামে সমান হিস্যায় রেকর্ডভুক্ত হয়েছে। নালিশা ২৮৪নং খতিয়ানের ৫৬৯০নং দাগের রেকর্ডীয় মালিক ছিলেন ০৫ জন এবং উক্ত ৫ জনের মধ্যে প্রভাত নন্দী মজুমদারের ওয়ারিশ/পুত্র অভিজিৎ নন্দী মজুমদার এর নিক থেকে ৪২০২/০৩ নং রেজিঃ দলিলে খরিদসূত্রে মালিক দাবিদার ১ম পক্ষ ও ২য় পক্ষ উভয়ই । রেকর্ডীয় মালিকগনের মধ্যে কোন বৈধ বন্টন না থাকায় ৫জনের মালিকানাধীন ভূমি একজনের ওয়ারিশ কর্তৃক ৪২০২/০৩ নং দলিলে হস্থান্তরিত হওয়ায় নালিশা ভূমির মালিকানা হস্তান্তর যথাযথ বা আইন সম্মত হয়নি ।

সার্বিক বিবেচনায় রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০ এর ১৫০ ধারা মোতাবেক ১৫৪২/১৫ নং নামজারি মামলার আদেশ রিভিউক্রমে মাধবপুর উপজেলার ৩৬নং জে.এলস্থিত বেজুড়া মৌজার ৪২৯৮নং নামজারি খতিয়ানের ৫৬৯০ নং দাগের ০.১৬ একর ভূমির রেকর্ড ২৮৪ নং এস এ খতিয়ানে সাবেক রেকর্ডীয় মালিক এর নামে পুনর্বহাল করার আদেশ হয় । আদেশ অনুযায়ী রেকর্ড সংশোধন কার্যক্রম সম্পন্ন হয়েছে দেখা গেল ।

৩২। পরিদর্শনের সার্বিক মন্তব্য ঃ

০১। অফিসের প্রবেশপথ পরিষ্কার- পরিচ্ছন্ন রাখতে হবে এবং সৌন্দর্য বৃদ্ধির স্বার্থে অফিসের সামনে ফুলের বাগান তৈরি করতে হবে ;
০২। চলতি অর্থ বছরের ভূমি উন্নয়ন করের দাবী ১০০% আদায় নিশ্চিতকরণে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে ;
০৩। রেকর্ডপত্র পরিষ্কার পরিচ্ছন্নভাবে গুছিয়ে রাখতে হবে ;
০৪। বন্দোবস্তযোগ্য খাস ভূমি ভূমিহীনদের মধ্যে বন্দোবস্ত দেয়ার লক্ষ্যে সর্বশেষ নীতিমালার আলোকে বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করতে হবে ;
০৫। উপজেলা ভূমি অফিসে সেবাপ্রার্থী আগত জনগণ যাতে হয়রানির শিকার না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে ;
০৬। পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ১৫(পনের) দিনের অনুসরণমূলক কার্যক্রম গ্রহণ পূর্বক বক্ষমান জবাব সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩৩। আশুকরণীয় বিষয় ঃ

(ক) এ উপজেলা ভূমি অফিসের অধিক্ষেত্রে বন্দোবস্তযোগ্য খাস জমি সমূহ চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে ভূমিহীনদের মধ্যে বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে বিধি মোতাবেক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), মাধবপুরকে পরামর্শ দেয়া হলো।

(খ) মন্ত্রিপরিষদ বিভাগের ৯ ফেব্রুয়ারি,২০১৭ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে নামজারি সেবা প্রদানের জন্য সহকারী কমিশনার(ভূমি) কে বলা হলো ।

(মোহাম্মদ কামরুল হাসান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ

স্মারক নং- ০৫.৪৬.৩৬০০.০১৬.০১.০০৪.২০- ২৫ তারিখ ঃ ২২ /০১/২০২০ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, সিলেট।

০৫। উপ-ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড, সিলেট।

কার্যার্থে ঃ

০১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব), হবিগঞ্জ।
০২। উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।
০৩। সহকারী কমিশনার (ভূমি), মাধবপুর, হবিগঞ্জ
০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা, হবিগঞ্জ কালেক্টরেট।

(মোহাম্মদ কামরুল হাসান)
জেলা প্রশাসক
হবিগঞ্জ